

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
প্রশাসন শাখা

...

সভাপতি	মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	০১ আগস্ট ২০২১খ্রি.
সভার সময়	বেলা ১২.০০ ঘটিকা।
স্থান	জুম অনলাইন প্ল্যাটফর্ম
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি সভার প্রারম্ভে স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী সকল শহিদকেও শ্রদ্ধাভরে স্মরণ করেন। অতঃপর সভায় অধিদপ্তরের সকল কার্যালয়ে ই-নথি ব্যবহার ও তথ্য বাতায়ন হালনাগাদ নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

২.১ জাতীয় তথ্য বাতায়নের আওতায় অধিদপ্তরের সকল কার্যালয়ের তথ্য বাতায়ন অদ্য ১ আগস্ট ২০২১ তারিখের মধ্যে হালনাগাদ করতে হবে। স্ব স্ব বিভাগীয় অতিরিক্ত পরিচালকগণ বিষয়টি নিশ্চিত করবেন।

২.২ অধিদপ্তরের ই-নথি কার্যক্রমে সংযুক্ত ৫৪টি কার্যালয় দাপ্তরিক সকল যোগাযোগ ই-নথিতে সম্পন্ন করবে। অবশিষ্ট কার্যালয়সমূহ আগামী ১২ আগস্ট ২০২১ তারিখের মধ্যে স্ব স্ব জেলা প্রশাসকের কার্যালয় ও দায়িত্বপ্রাপ্ত এটুআই এর প্রতিনিধির সাথে যোগাযোগ করে ই-নথি চালু করবেন।

২.৩ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের ইন্টারনেট ব্যান্ডউইথ আগামী ৩ দিনের মধ্যে বৃদ্ধি করতে হবে।

২.৪ সহকারী প্রোগ্রামার জনাব দীর্জেন চন্দ্র গোপ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের তথ্য বাতায়নে (ওয়েবসাইট) সংযুক্ত মাঠ পর্যায়ের কার্যালয়সমূহকে লিংক করবেন।

২.৫ আগামী ৪ ও ৫ আগস্ট ২০২১ তারিখ অধিদপ্তরের সহকারী পরিচালক ও তদুর্দ্ধ পর্যায়ের কর্মকর্তাগণের ই-নথি ব্যবহার বিষয়ে সহকারী পরিচালক (কমন সার্ভিস) প্রশিক্ষণের আয়োজন করবেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ  
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ৪৪.০৪.০০০০.০০৬.০০.০৩১.১৫.২৭

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৮  
০২ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,, ঢাকা।
- ২) পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), ঢাকা।
- ৩) প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
- ৪) অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা।
- ৫) সিস্টেম এনালিস্ট, , প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬) বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট,, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭) সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, , চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।
- ৮) উপপরিচালক (.....), প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,.....।
- ৯) সহকারী পরিচালক (.....), প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন.....।
- ১০) সহকারী প্রোগ্রামার,, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১১) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী , (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২) অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী , (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।



মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ  
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)